

ভিডিও

ভিডিও

সাক্ষাৎকার

ভর্তি

ডেন্টাল ভর্তির আবেদন শুরু, দ্বিতীয়বার পরীক্ষায় কাটবে যত নম্বর

নিজস্ব প্রতিবেদক ঢাকা



ছবি : প্রথম আলো

সরকারি ও বেসরকারি ডেন্টাল কলেজ এবং মেডিকেল কলেজের ডেন্টাল ইউনিটগুলোতে ২০২৩-২৪ শিক্ষাবর্ষের বিডিএস কোর্সের ভর্তিতে আজ সোমবার (১৫ জানুয়ারি) সকাল ১০টায় আবেদন শুরু হয়েছে। আবেদন ফি এক হাজার টাকা। টেলিটক প্রিপেইড সিমের মাধ্যমে এই ফি জমা দিতে হবে। দ্বিতীয়বার ভর্তি পরীক্ষা দিতে চাইলে ৫ ও ১০ নম্বর কাটা যাবে শিক্ষার্থীদের।

স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে। ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী শিক্ষার্থীদের ২০২৩ সালে এইচএসসি, 'এ' লেভেল বা সমমান ও ২০২১ সালে এসএসসি, 'ও' লেভেল বা সমমান অথবা ২০২২ সালে এইচএসসি, 'এ' লেভেল বা সমমান ও ২০২০ সালে এসএসসি, 'ও' লেভেল বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। তবে প্রার্থীকে এইচএসসি, 'এ' লেভেল বা সমমান পরীক্ষায় পাসের পূর্ববর্তী দুই বছরের মধ্যে এসএসসি, 'ও' লেভেল বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

- এসএসসি, 'ও' লেভেল বা সমমান এবং এইচএসসি, 'এ' লেভেল বা সমমান দুটি পরীক্ষায় জিপিএ কমপক্ষে ৯ থাকতে হবে। উপজাতীয় ও পার্বত্য জেলার অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে এসএসসি, 'ও' লেভেল বা সমমান এবং এইচএসসি, 'এ' লেভেল বা সমমান পরীক্ষায় মোট জিপিএ ৮ হতে হবে। তবে এককভাবে কোনো পরীক্ষায় জিপিএ

By using this site, you agree to our Privacy Policy.

- সব আবেদনকারীর জন্য এইচএসসি, 'এ' লেভেল বা সমমান পরীক্ষায় জীববিজ্ঞানে ন্যূনতম গ্রেড পয়েন্ট ৪ না থাকলে আবেদন বাতিল বলে গণ্য হবে।
- দ্বিতীয়বার ভর্তি-ইচ্ছুকদের কত নম্বর কাটা  
পূর্ববর্তী বছরের এইচএসসি, 'এ' লেভেল বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের সর্বমোট (Aggregated) নম্বর থেকে ৫ (পাঁচ) নম্বর বাদ দিয়ে এবং পূর্ববর্তী বছরের সরকারি মেডিকেল কলেজ বা ডেন্টাল কলেজ বা ইউনিটে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্ষেত্রে সর্বমোট নম্বর থেকে ১০ (দশ) নম্বর বাদ দিয়ে মেধাতালিকায় অবস্থান নির্ধারণ করা হবে।

## ভর্তি পরীক্ষার নম্বর বণ্টন

লিখিত ভর্তি পরীক্ষায় ১০০টি প্রশ্নের প্রতিটি ১ নম্বর করে মোট (এইচএসসি বা সমমান সিলেবাস অনুযায়ী) ১০০ নম্বরের পরীক্ষা অনুষ্ঠিত হবে। বিষয়ভিত্তিক বিভাজন পদার্থবিদ্যা ২০, রসায়নবিদ্যা ২৫, জীববিজ্ঞান ৩০, ইংরেজি ১৫ ও সাধারণ জ্ঞান (বাংলাদেশের ইতিহাস ও মুক্তিযুদ্ধ) ১০ অনুযায়ী অনুষ্ঠিত হবে।

লিখিত পরীক্ষার প্রতিটি ভুল উত্তর প্রদানের জন্য শূন্য দশমিক ২৫ নম্বর কাটা যাবে। লিখিত পরীক্ষায় ৪০ নম্বরের কম পেলে অকৃতকার্য হিসেবে বিবেচনা করা হবে। ভর্তি পরীক্ষায় ৪০ নম্বরের কম পেলে কোনো শিক্ষার্থী ভর্তির যোগ্য বিবেচিত হবেন না।

## আবেদন করবেন যেভাবে

আবেদনকারীদের টেলিটক প্রিপেইড সিমের মাধ্যমে এক হাজার টাকা জমা দিয়ে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী আবেদনপত্র পূরণ করতে হবে। ডেন্টালে ভর্তি পরীক্ষার জন্য অনলাইন ফরম পূরণের নিয়ম ও ভর্তি-সংক্রান্ত বিস্তারিত তথ্য টেলিটকের [ওয়েবসাইট](#), স্বাস্থ্য শিক্ষা ও পরিবারকল্যাণ বিভাগের [ওয়েবসাইট](#), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের [ওয়েবসাইট](#) ও স্বাস্থ্য অধিদপ্তরের [ওয়েবসাইট](#) ([www.dghs.gov.bd](http://www.dghs.gov.bd)) থেকে জানা যাবে। আবেদনপত্র পূরণের আগে কিছু তথ্য জেনে রাখতে হবে, সেগুলো হলো—

১. 300x300 পিক্সেল মাপের আবেদনকারী প্রার্থীর একটি রঙিন ছবি (jpg) আপলোড দিতে হবে। ফাইলের সাইজ 100 kb- এর বেশি হবে না। (ছবি স্ক্যান করা অথবা ডিজিটাল ক্যামেরায় তোলা।)
২. 300x80 পিক্সেল মাপের স্ক্যান করা নিজের একটি স্বাক্ষর (jpg)। ফাইলের সাইজ 60 kb- এর বেশি হবে না।
৩. এ দুটি উপকরণ কম্পিউটার বা পেনড্রাইভে রেখে দিতে হবে।
৪. ইংরেজিতে নিজের জেলা, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা লিখিতভাবে নিজের কাছে সংরক্ষণ করতে হবে।
৫. ভর্তি-ইচ্ছুক মেডিকেল কলেজগুলোর নাম নিজের পছন্দের ক্রমানুসারে সাজিয়ে লিখতে হবে। কারণ, পছন্দক্রম একবার দেওয়ার পর আর পরিবর্তন করা যাবে না।

By using this site, you agree to our Privacy Policy.

এসব তথ্য ও উপকরণ সঙ্গে থাকলে টেলিটকের [ওয়েবসাইটে](#) গিয়ে আবেদন ফরম পূরণ করতে হবে। ছবি ও স্বাক্ষর আপলোডের পর User ID নম্বর দেখা যাবে। সেই পৃষ্ঠা অবশ্যই প্রিন্ট করে রাখতে হবে।

### ডেন্টালে ভর্তির গুরুত্বপূর্ণ তারিখ—

- অনলাইনে আবেদন শুরু : ১৫ জানুয়ারি, সকাল ১০টা;
- অনলাইনে আবেদন শেষ : আগামী ৩ ফেব্রুয়ারি, রাত ১১টা ৫৯ মিনিট;
- অনলাইনে আবেদন ফি জমার শেষ দিন : ৪ ফেব্রুয়ারি রাত ১১টা ৫৯ মিনিট;
- প্রবেশপত্র বিতরণ : ২৫ থেকে ২৭ ফেব্রুয়ারি (ডাউনলোড রঙিন প্রিন্ট) ও
- ভর্তি পরীক্ষার তারিখ : আগামী ৮ মার্চ, সকাল ১০টা থেকে বেলা ১১টা।

\*\*বিডিএসে ভর্তি বিজ্ঞপ্তিটি দেখুন এখানে

\*\*আবেদনের পদ্ধতি দেখুন এখানে



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



 **prothomalo.com**

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান  
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো

By using this site, you agree to our Privacy Policy.